

কবি হওয়ার সাধ

কবি হওয়ার সাধ জেগেছে
নন্দবাবুর মনে
সকাল থেকে আছেন বসে
দৃষ্টি আকাশপানে।

চুল রেখেছেন বড় বড়
সদাই এলোমেলো
ভাতের সাথে গেছে পেটে
এরই কতকগুলো।

হাসি ঠাট্টা গেছেন ভুলে
ভারী উদাস ভাব
শরীরটাকে রাখতে ঠিক
খোঁজেন কচি ডাব।
মনে তার আসে ভাব
কলম নাহি চলে
বউ-ছেলেরা আড়াল থেকে
কত কথাই বলে।

মাত্রা ছাড়ায় ছন্দ হারায়
নেই পদের মিল
কবি হওয়ার বাসনাটাই
মাথায় কিলবিল।

ভেবেছিলেন ব্যাপারটা
বোধ হয় খুব সোজা
একটু কিছু ফেললে লিখে
ছাপিয়ে পাবেন মজা।।

জ্যোতির্ময় চত্রবর্তী

